# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 23-03-2026 Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর –

১) SIR প্রক্রিয়ায় অ্যাডজুডিকেশনে থাকা ভোটারদের প্রথম অতিরিক্ত তালিকা আজ রাতের দিকে প্রকাশিত হতে পারে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

২) বামফ্রন্ট আজ তৃতীয় ও আই এস এফ তাদের প্রথম প্রার্থী তালিকা প্রকাশ করেছে।

৩) পশ্চিম এশিয়ার সংঘাতের মধ্যেও দেশে জ্বালানি পর্যাপ্ত পরিমাণে মজুত রয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন।

৪) সুপ্রিম কোর্ট, কলকাতার চিংড়িঘাটা মেট্রোরেলের বকেয়া কাজ সম্পন্ন করার জন্য রাজ্য সরকারকে কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে চলতে বলেছে।

৫) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ উদযাপিত হচ্ছে বিশ্ব আবহাওয়া দিবস।

৬) আই এস এল ফুটবলে আজ ইস্টবেঙ্গল মহামেডান স্পোর্টিং-এর বিরুদ্ধে খেলছে।

ooooooooooooooooooo

SIR প্রক্রিয়ায় অ্যাডজুডিকেশনে থাকা ভোটারদের নাম ঝাড়াই-বাছাই-এর পর প্রথম অতিরিক্ত তালিকা আজ রাত ৯টা-সাড়ে ৯-টার দিকে প্রকাশিত হতে পারে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। সন্ধ্যায় এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, এই মুহূর্তে কত নাম বাদ পড়েছে – সেই হিসেবে তাঁর কাছে নেই। তবে, নিষ্পত্তি হয়েছে প্রায় ২৯ লক্ষ নামের।

(বাইট – মনোজ আগরওয়াল)

oooooooooooooooooooo

আসন্ন বিধানসভা ভোটের প্রস্তুতি পর্যালোচনায় নির্বাচন কমিশন, আজ আরেক দফায় সব জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার ও পুলিশ সুপারদের সঙ্গে বৈঠকে বসে। সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার মনীশ গর্গের পৌরহিত্যে ভিডিও কনফারেন্সের মাধ্যমে আয়োজিত ওই বৈঠকে সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী, পবন কুমার শর্মা ছাড়াও রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল উপস্থিত ছিলেন। পর্যালোচনা বৈঠকের পর সমস্ত জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার ও পুলিশ সুপারদের নিয়ে একটি ট্রেনিং সেশন হয় বলেও নির্বাচন কমিশন সূত্রে জানা যাচ্ছে।

oooooooooooooooooooo

বিধানসভা ভোটের জন্য বামফ্রন্ট আজ তৃতীয় দফায় ১৫ জন প্রার্থীর নাম ঘোষণা করেছে। এর মধ্যে সিতাই ও শ্যামপুকুর বিধানসভা কেন্দ্রে ফরওয়ার্ড ব্লক এবং আলিপুরদুয়ার, চোপড়া, ইসলামপুর, লালগোলা, হরিহরপাড়া, হরিণঘাটা, ভাটপাড়া, পলতা, এন্টালি, বাগনান, চন্দ্রকোণা, গড়বেতা এবং সালতোড়া কেন্দ্রে, সি পি আই এম প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। আজকের প্রকাশিত তালিকায় দু-জন মহিলা প্রার্থী রয়েছেন। এর আগে ফ্রন্টের পক্ষ থেকে দু-দফায় ১৯২ ও ৩২ জন

প্রার্থীর নাম ঘোষণা করা হয়। এই নিয়ে বামফ্রন্ট, ২৩৯ জনের প্রার্থী তালিকা প্রকাশ করল।

০০০০০০০০০০০০০০০০০০০০

Indian Secular Front - ISF রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য আজ ২৩ টি আসনে প্রার্থী তালিকা প্রকাশ করেছে। ফুরফুরা শরিফ এক সাংবাদিক বৈঠকে এই প্রার্থী তালিকা ঘোষণা করেন দলের চেয়ারম্যান নওশাদ সিদ্দিকী। দক্ষিণ ২৪ পরগনা ভাঙর বিধানসভা কেন্দ্রে নওশাদ সিদ্দিকী পুনরায় প্রতিদ্বন্দ্বিতা করছেন। তৃণমূল ছেড়ে ISF এ যোগ দেওয়া আরাবুল ইসলাম ক্যানিং পূর্ব কেন্দ্রে প্রার্থী হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটের মুখে রাজ্যের আইএএস, আইপিএস আধিকারিকদের বদলির বিরোধিতায় কলকাতা হাইকোর্টে দায়ের করা জনস্বার্থ মামলার গ্রহণযোগ্যতা নিয়েই প্রশ্ন তুললো নির্বাচন কমিশন। কমিশনের আইনজীবী আজ প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চে বলেন, "নির্বাচন করানোর ব্যাপারে কমিশনকে প্রভূত ক্ষমতা দেওয়া হয়েছে। তাদের দায়িত্ব অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষ ভোট সুনিশ্চিত করা। আইনসভা তার পথ রুদ্ধ করলে ভোট কখনোই অবাধ ও নিরপেক্ষ হতে পারেনা। আধিকারিকদের বদলি নিয়ে রাজ্য জনস্বার্থ মামলা করতে পারে কিনা, তা নিয়েও প্রশ্ন তুলেছে নির্বাচন কমিশন।

অন্যদিকে, সরকারের বিভিন্ন দফতরের কাজে নির্বাচন কমিশন হস্তক্ষেপ করতে পারে কিনা, তা নিয়ে সওয়াল করেছেন মামলাকারীর আইনজীবী, তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। রাজ্যের অ্যাডভোকেট জেনারেল বলেন,

আধিকারিকদের বদলি করার ক্ষমতা সংবিধান নির্বাচন কমিশনকে দেয়নি। মামলার আজ নিষ্পত্তি না হওয়ায় আগামী বুধবার ফের শুনানির দিন ধার্য হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন দলীয় কর্মসূচিতে যোগ দিতে আগামীকাল কলকাতায় আসছেন। দলীয় সূত্রে জানা গেছে,আগামীকাল সকাল পৌনে ১০ টা নাগাদ তিনি কলকাতা বিমানবন্দরে এসে পৌঁছাবেন। এরপর নিউটাউনে একটি বেসরকারি হোটেলে দলের বেশ কয়েকটি সাংগঠনিক বৈঠকে যোগ দেবেন শ্রী নবীন।

০০০০০০০০০০০০০০০০০

আসন্ন বিধানসভা নির্বাচনে জাতীয় ও রাজ্যস্তরে স্বীকৃত দলগুলিকে দূরদর্শন ও আকাশবাণীতে বিনামূল্যে সম্প্রচারের জন্য ডিজিটাল ভাউচার বরাদ্দ করা হয়েছে।

নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী, জনপ্রতিনিধিত্ব আইন, ১৯৫১-এর ৩৯এ ধারার অধীনে ভোটমুখী চার রাজ্য—পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, কেরালা, অসম এবং কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরির স্বীকৃত রাজনৈতিক দলগুলি এই সুবিধা পাবে। প্রতিটি দলকে আকাশবাণী ও দূরদর্শনে ৪৫ মিনিট করে প্রাথমিক সম্প্রচারের সময় বরাদ্দ করা হয়েছে। সংশ্লিষ্ট রাজ্যের আঞ্চলিক নেটওয়ার্কে এই সম্প্রচার হবে। পূর্ববর্তী নির্বাচনে দলের পারফরম্যান্সের ভিত্তিতে অতিরিক্ত সময়ও বরাদ্দ করা হতে পারে।

ভোটের প্রতিটি দফায় প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের পর থেকে ভোটের দু'দিন আগে পর্যন্ত এই সম্প্রচার চলবে। কোন দল কখন সম্প্রচারের সুযোগ পাবে, তা লটারির মাধ্যমে নির্ধারণ করা হবে বলে কমিশন জানিয়েছে। এছাড়া দলগুলিকে আগাম তাদের বক্তব্যের স্ক্রিপ্ট ও রেকর্ডিং জমা দিতে হবে এবং তা নির্ধারিত নির্দেশিকা মেনে তৈরি করতে হবে।

কমিশন আরও জানিয়েছে, দলীয় প্রচারের পাশাপাশি দূরদর্শন ও আকাশবাণীতে বিশেষ আলোচনাসভা ও বিতর্কের আয়োজন করা হবে, যেখানে প্রতিটি দল একজন করে প্রতিনিধি পাঠাতে পারবে।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, **২৯শে মার্চ** রবিবার, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩২-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট Newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম এশিয়ার সংঘাতের মধ্যেও ভারতে পর্যাপ্ত পরিমাণে জ্বালানি মজুত রয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জানিয়েছেন। লোকসভায় আজ পশ্চিম এশিয়ায় সংকটজনক পরিস্থিতি এবং তার প্রেক্ষিতে ভারতের অবস্থান সংক্রান্ত এক বিবৃতিতে তিনি বলেন, দেশ জুড়ে নিরবচ্ছিন্নভাবে পেট্রল ও ডিজেল সরবরাহ চলছে। ভারতের কাছে বর্তমানে ৫৩ লক্ষ মেট্রিক টনের বেশি আপদকালীন তেলের ভান্ডার রয়েছে। আরও ৬৫ লক্ষ মেট্রিক টনের বেশি তেল মজুত করার জন্য চেষ্টা চালাচ্ছে দেশ। সরকার বিভিন্ন দেশের সরবরাহকারীর সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছে বলে তিনি জানান।

(বাইট- পিএম এনার্জি সিকিউরিটি)

এদিকে, মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প হরমুজ প্রণালী খুলে দেওয়ার জন্য ইরানকে যে সময়সীমা দিয়েছিলেন তা আরো ৫ দিন বাড়িয়েছে। এর ফলে বিশ্ববাজারে তেলের দাম ১০ শতাংশ কমেছে।

oooooooooooooooooooo

সুপ্রিম কোর্ট, কলকাতার চিংড়িঘাটা মেট্রোরেলের বকেয়া কাজ সম্পন্ন করার জন্য রাজ্য সরকারকে কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে চলতে বলেছে। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী সহ তিন বিচারপতির বেঞ্চ বলেছেন, উন্নয়নী প্রকল্পের সঙ্গে রাজনীতিকে জড়িয়ে ফেলা ঠিক নয়। রাজ্য সরকারের উচিত কলকাতা হাইকোর্টের নির্দেশ মত পদক্ষেপ করা।

উল্লেখ্য, চিংড়িঘাটার ট্রাফিক ব্লক করে মেট্রো রেলের কাজ শেষ করতে রাজ্য সরকার মে মাস পর্যন্ত সময় চেয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিল। সর্বোচ্চ আদালত রাজ্য সরকারকে তিরস্কার করে অবিলম্বে ঐ মামলা প্রত্যাহার করে নিতে বলেছে।

oooooooooooooooooo

ভারত উন্নততর রাষ্ট্র হওয়ার দিকে এগিয়ে চলেছে বলে রাজ্যপাল তথা কলকাতা বিশ্ববিদ্যালয়ের আচার্য আর এন রবি জানিয়েছেন। বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সমাবর্তন অনুষ্ঠানের আজ সূচনা করে রাজ্যপাল বলেন, বিজ্ঞানী গবেষণা সহ সার্বিক উন্নয়নের ক্ষেত্রে গোটা বিশ্বকে নেতৃত্ব দেবে দেশ। পড়ুয়া ও যুব সমাজকে এই উন্নয়নের শরিক হওয়ার আহ্বান জানান তিনি।

উল্লেখ্য, দীর্ঘ ছ'বছর পর কলকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠিত হলো। বিশ্ববিদ্যালয়ের শতবার্ষিকী ভবনে সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষাবিদ ফাদার থমাস

চাথাম পরম পিল এবং কবি রণজিৎ দাসকে সাম্মানিক ডিলিট প্রদান করেন আচার্য। সাম্মানিক ডিএসসি প্রদান করা হয় বিজ্ঞানী বিজয় পান্ডুরাং ভাটকরকে। তবে তিনি অনুষ্ঠানে হাজির হতে পারেননি। সমাবর্তনের দীক্ষান্ত ভাষণ দেন আইআইটি খড়্গপুরের অধিকর্তা সুমন চক্রবর্তী। বিভিন্ন ক্ষেত্রের ১২ জন কৃতিকে বিশ্ববিদ্যালয়ের সাম্মানিক পুরস্কার ও মেডেল প্রদান করেন রাজ্যপাল। অনুষ্ঠানের পৌরহিত্য করেন উপাচার্য আশুতোষ ঘোষ। উল্লেখ্য রাজ্যপাল হিসেবে দায়িত্ব নেওয়ার পর এই প্রথম কোনো বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে যোগ দিলেন শ্রী রবি। বিশ্ববিদ্যালয়ের আটজন অবসরপ্রাপ্ত শিক্ষককে বিশেষ পুরস্কারে সম্মানিত করা হয়।

oooooooooooooooooo

মানুষের দৈনন্দিন জীবনের অন্যতম গুরুত্বপূর্ণ অঙ্গ হল আবহাওয়া। প্রতিবছরের মত আজও বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্ব আবহাওয়া দিবস উদযাপিত হচ্ছে। ১৯৫০ সালে ২৩ শে মার্চ দিনটিতে বিশ্ব আবহাওয়া সংস্থা প্রতিষ্ঠিত হয়।

একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট - কাশফিন)

oooooooooooooooooo

অনুকূল বায়ুপ্রবাহ এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয়বাষ্প প্রবেশ করায় উত্তরবঙ্গে আগামী দুদিন বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা আছে। আজ দার্জিলিং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এবং কোচবিহার জেলায় হালকা থেকে মাঝারি এবং আগামীকাল উত্তরের প্রায় প্রতিটি জেলাতেই ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া এবং বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টির কমলা সর্তকতা রয়েছে।

এদিকে, দক্ষিণবঙ্গে আগামী তিনদিন সেরকম বৃষ্টি না হলেও আগামী শুক্রবার থেকে হালকা থেকে মাঝারি ঝড় জলের পূর্বাভাস রয়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২০ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে প্রায় সাড়ে তিন ডিগ্রি কম, সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩০ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে প্রায় সাড়ে চার ডিগ্রি নীচে।

oooooooooooooooooo

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ আই এস এল ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল, মহামেডান স্পোর্টিং এর মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে, ইস্টবেঙ্গল ৫ ম্যাচে ৮ পয়েন্ট নিয়ে লিগ তালিকার ষষ্ঠ স্থানে রয়েছে। অন্যদিকে, মহামেডান স্পোর্টিং টানা চার ম্যাচে পরাজিত হয়ে তালিকার সর্বশেষ চতুর্দশ স্থানে রয়েছে।

ooooooooooooooooooo

ooooooooooooooooooo